


# নিয়োগকর্তাদের অধিকার ও দায়িত্বসমূহ

## নিউ ইয়র্ক স্টেট পাবলিক এমপ্লয়ী সেফটি অ্যান্ড হেলথ অ্যাক্ট অনুসারে

1980 সালের নিউ ইয়র্ক স্টেট পাবলিক এমপ্লয়ী অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাক্ট, সমস্ত কর্মচারীদের রাষ্ট্রীয় ও স্থানীয় স্তরে ঝুঁকি কভার করে থাকে। এই আইন OSHA-র মতোই নিরাপত্তা ও স্বাস্থ্যজনিত পরিষেবা প্রদান করে যে মানদণ্ড বেসরকারি ক্ষেত্রের কর্মচারীদের জন্যও সরকারি কর্মচারীদের মতোই প্রযোজ্য হয়। এই তথ্যপত্র আপনাকে আইনটির বিশেষত্বগুলি সম্পর্কে এক ব্যাপকতর ধারণা দিতে পারে।

### নিয়োগকর্তাদের দায়িত্বসমূহ

এই আইন অনুসারে, নিয়োগকর্তা বলতে বোঝায়:

- রাষ্ট্র নিজে
- রাষ্ট্রের যেকোনো ধরনের রাজনৈতিক উপবিভাগ
- রাষ্ট্রের দ্বারা গঠিত সরকারি কর্তৃপক্ষসমূহ

কোন নিয়োগকর্তাকে অবশ্যই এমন এক কর্মস্থল দিতে হবে যেটা কোনো জ্ঞাত বিপদের ঝুঁকি থেকে মুক্ত থাকবে। নিয়োগপ্রাপ্তদেরও বিভিন্ন দায়িত্ব আছে। তারা অবশ্যই OSHA-র নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত মানদণ্ড ও অন্যান্য নিয়মাবলী মেনে চলবেন যেটা চাকরি করার সময় তাদের নিজেদের কার্যকলাপ ও আচরণের উপর প্রযোজ্য হবে।

### মানদণ্ডসমূহ

আইন অনুসারে শ্রম কমিশনারকে এমন সমস্ত মানদণ্ড প্রয়োগে আনতে হবে যেটা ইউনাইটেড স্টেটস অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাক্ট অনুসারে তালিকাবদ্ধ আছে।

### পরিদর্শন

এই আইন অনুসারে প্রয়োজনীয় নিরাপত্তা ও স্বাস্থ্যবিধির মানদণ্ডগুলি প্রয়োগে নিয়ে যাবার এক মাত্র দায়িত্ব হল শ্রম কমিশনারের। কোনো পরিদর্শন করার কাজ কোনো অভিযোগ পাবার ফলে, কোনো দুর্ঘটনার ফলে, বা পূর্বনির্ধারিত নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর অংশ হিসাবে করা হতে পারে।। আমরা আসন্ন বিপদের অভিযোগ সংক্রান্ত পরিদর্শনকে সর্বোচ্চ প্রাথমিকতা দিয়ে থাকি যখন নিয়োগকর্তার প্রতিনিধি ও কর্মচারীদের প্রতিনিধিদেরকে পরিদর্শনকারীর সাথে পরিদর্শনে যাবার জন্য আমন্ত্রণ জানানো হয়। একে বলে "পায়চারী করা"।

### প্রয়োগ করা

আমরা যদি একটা নীতি উল্লঙ্ঘনের বিজ্ঞপ্তি জারি করি আর কোনো নিয়োগকর্তাকে আইন মেনে চলতে নির্দেশ দেই, তাহলে তার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি থাকবে:

- আইন উল্লঙ্ঘনের বর্ণনা
- যে নীতির উল্লঙ্ঘন করা হয়েছে তার উল্লেখ
- যে ধরনের উল্লঙ্ঘন করা হয়েছে তার তালিকাগুলি (গুরুতর, কম গুরুতর, ইচ্ছাকৃত বা বারবার পুনরাবৃত্তি হবার ঘটনা)
- ভুল স্বীকার করার সুযোগ দেবার জন্য একটা সময়সীমা নির্ধারণ করে দেওয়া

কমিশনার যখন ভুল স্বীকার করার নির্দেশ জারি করেন, তখন নিয়োগকর্তা অবশ্যই এটা বা এর একটা প্রতিলিপি পোস্ট করবেন:

- কোনো দৃষ্টি আকর্ষক স্থানে
- প্রত্যেক আইন উল্লঙ্ঘনের উল্লেখ থাকা এলাকায় বা তার কাছে
- যেখানে সেটা ক্ষতিগ্রস্ত কর্মচারীর কাছে স্পষ্টতই দৃশ্যমান

কমিশনার ভুল স্বীকারের নির্দেশের প্রতিলিপিগুলি এমন সমস্ত সংগঠনকে দেবেন যারা কর্মচারীদের প্রতিনিধিত্ব করেন।

### জরিমানার পরিমাণ মূল্যায়ন

আমরা সেই নিয়োগকর্তার উপরে প্রতি দিনের জন্য প্রদেয় জরিমানা চাপিয়ে দেই যে তার শাস্তি হ্রাস করার তারিখের মধ্যে তার আইন উল্লঙ্ঘনের ঘটনাকে শুধরে নিতে ব্যর্থ হয়। যত দিন পর্যন্ত না আইন উল্লঙ্ঘনের সমস্যা সংশোধন করে নেওয়া হয়, আমরা তত দিনের জন্য প্রযোজ্য জরিমানার পরিমাণ পর্যালোচনা করে নির্ণয় করব:

- প্রত্যেক কম গুরুতর উল্লঙ্ঘনের ঘটনার জন্য প্রতি দিন $50 পর্যন্ত জরিমানা
- প্রত্যেক গুরুতর উল্লঙ্ঘনের ঘটনার জন্য প্রতি দিন $200 পর্যন্ত জরিমানা

শাস্তি হ্রাস করার বিজ্ঞপ্তি মেনে নিতে ব্যর্থ হবার জন্য পর্যালোচনা করে যে যে জরিমানা ধার্য করা হয় আমরা তার তালিকা তৈরি করি।

### অনানুষ্ঠানিক সম্মেলন

যদি পরিদর্শন করার সময় ও ভুল স্বীকার করার নির্দেশ জারির সময় কোনো সমস্যা দেখা যায়, আমরা তখন এক অনানুষ্ঠানিক সম্মেলন করার ব্যবস্থা করি। এটা সমস্যাগুলি নিয়ে আলোচনা করার জন্য পাবলিক এমপ্লয়ী সেফটি অ্যান্ড হেলথ (PESH) ব্যুরোর সুপারভাইজিং ইন্সপেক্টরের উদ্যোগে কোনো নিয়োগকর্তা, কর্মচারী বা কর্মচারীদের অধিকারপ্রাপ্ত প্রতিনিধি সাথে করা সভা। কোনো অনানুষ্ঠানিক সম্মেলন করার জন্য অনুরোধ করতে হলে, নিকটতম PESH জেলা অফিসের সাথে নির্দেশগুলি জারি করার তারিখের 20 দিনের মধ্যে ফোনে বা চিঠি দিয়ে যোগাযোগ করুন।

### আইন কার্যকর করা

নিয়োগকর্তা যদি সময়সীমার মধ্যে নির্দেশ না মেনে নেয়, আমরা তাহলে সিভিল প্র্যাক্টিস ল অ্যান্ড রুলস-এর ধারা 78 অনুসারে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারি।

## আবেদনসমূহ

যদি নিয়োগকর্তা নির্দেশের সাথে একমত না হন, তারা বা তাদের প্রতিনিধি 60 দিনের মধ্যে ইন্ডাস্ট্রিয়াল বোর্ড অফ অ্যাপিলস-এর কাছে আবেদন করতে পারেন।

আবেদন নিম্নলিখিত ঠিকানায় করতে হয়:

Industrial Board of Appeals
Empire State Plaza
Agency Building 2, 20th Floor
Albany, NY 12223

যদি নিয়োগকর্তা বা কর্মচারী ইন্ডাস্ট্রিয়াল বোর্ড অফ অ্যাপিলস-এর সিদ্ধান্তে অসন্তুষ্ট হন, তারা সিভিল প্র্যাক্টিস ল অ্যান্ড রুলস-এর ধারা 78 অনুসারে আইনি কার্যক্রম শুরু করতে পারেন। তাদেরকে এটা অবশ্যই বোর্ডের সিদ্ধান্ত নেবার 60 দিনের মধ্যে শুরু করতে হবে।

## ভুল সংশোধন করার বিকল্প চুক্তি

যদি সরকারি নিয়োগকর্তা কোনো আলাদা রকমের ভুল সংশোধন করার প্রস্তাব করেন, PESH কোনো বিকল্প ভুল স্বীকার করার চুক্তি করতে পারে। PESH নিরাপত্তা ও স্বাস্থ্য বিভাগের ইঞ্জিনিয়ারিং সার্ভিস ইউনিট (ESU)-কে নিয়োগকর্তাদের প্রস্তাবের পর্যালোচনা করায় সাহায্য করতে অনুরোধ করবেন। নিয়োগকর্তা তাদের বিকল্প প্রস্তাব জমা দেবেন ESU-র কাছে, যারা সেটার পর্যালোচনা করে আলোচনা করার ও প্রস্তাবটাকে আরও সংশোধন করার জন্য একটা মিটিং করার প্রস্তাব দেবেন।

নিয়োগকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়নগুলি আর PESH সেই সভায় উপস্থিত থাকবেন। তারা সভার ফলাফলকে সমস্ত পক্ষের মেনে নেওয়া ভুল স্বীকার করার বিকল্প। চুক্তি হিসাবে লিপিবদ্ধ করবেন PESH পরবর্তী অবস্থার পর্যালোচনা করার জন্য পরিদর্শন করবেন যেন এটা নিশ্চিত হওয়া যায় যে নিয়োগকর্তা ভুল সংশোধন করার বিকল্প চুক্তি মেনে নিয়েছেন।

## অধ্যাদেশসমূহ

যখন পরিদর্শনকারীরা এমন এক পরিস্থিতি দেখেন যেটা কোনো কর্মচারীর শারীরিক গুরুতর ক্ষতি বা মৃত্যু হবার আসন্ন বিপদ বলে মনে হয়, তারা অবশ্যই সেটা সংশ্লিষ্ট নিয়োগকর্তা ও কর্মচারীটিকে সূচিত করবেন, এবং তখনি তাদেরকে সংশোধনমূলক কাজ করতে বলবেন।

যদি নিয়োগকর্তাটি পরিদর্শনকারীর সাথে সম্মত হন এবং আসন্ন বিপদ সরিয়ে নিতে সক্রিয় হন, তাহলে কোনো অধ্যাদেশ জারি করার দরকার নেই।

যদি নিয়োগকর্তা সম্মত না হন আর যদি বিপদ দূর করতে কিছু করতে অসম্মত হন, তাহলে পরিদর্শনকারী উভয় পক্ষকে পরামর্শ দেবেন যে শ্রম কমিশনার তাহলে আইনি ব্যবস্থা নিয়ে পরিস্থিতির উন্নতি ঘটাতে সচেষ্ট হবেন (এই সব কেসে কমিশনার অবশ্যই 48 ঘণ্টার মধ্যে অধ্যাদেশ জারি করতে চাইতে পারেন, যদি কমিশনার কোনো প্রতিক্রিয়া দেখাতে না পারেন, তাহলে পরিস্থিতিটার জন্য যারা ক্ষতিগ্রস্ত হবেন তাদের মধ্যে যেকোনো ব্যক্তি সেটা করতে পারেন।)।

## আলোচনা

PESH-এর কর্মীদের মধ্যে অভিজ্ঞ নিরাপত্তা ও স্বাস্থ্য পরামর্শদাতারা থাকেন। কোনো নিয়োগকর্তা অনুরোধ করলেই, নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেবার জন্য তাদের পাওয়া যায়। পরামর্শদাতাটি এটা দেখবার জন্য নিয়োগকর্তার কর্মস্থলের পর্যালোচনা করবেন যে তারা এখনকার প্রচলিত নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত মানদণ্ডগুলি মেনে চলছেন কিনা। তাদের প্রতিবেদনে নিয়োগকর্তাদের প্রতি কিছু সুপারিশ দেওয়া থাকে। এই ধরনের অনুসন্ধানের ফলাফল সার্বজনীন নথি হয়ে উঠতে পারে এবং অনুরোধ করা হলে একে প্রকাশ করাও হতে পারে।

## ভুল সংশোধন করার তারিখ পরিবর্তন করার আবেদনপত্র

কখনো কখনো নিয়োগকর্তারা কিছু আইন উল্লঙ্ঘনের কথা মেনে নিতে পারেন না কারণ তার জন্য প্রয়োজনীয় কিছু কিছু জিনিস পাওয়া যায় না। যদি তাদের সেটা না থাকে, তাহলে তারা একটা আবেদন করে ভুল সংশোধন করার তারিখ পরিবর্তন করার অনুরোধ করতে পারে।

- পেশাদার বা প্রযুক্তিবিদ ব্যক্তিত্ব
- ভুল সংশোধন করার জন্য দরকারি সামগ্রী ও যন্ত্রপাতি

নিয়োগকর্তাকে অবশ্যই এটা প্রমাণ করতে হবে যে তারা বিপদের ঝুঁকিতে থাকা কর্মচারীদের নিরাপত্তা দেবার জন্য উপলব্ধ সমস্ত পদক্ষেপ নিচ্ছেন। তাদেরকে অবশ্যই এমন এক কর্মসূচি নিতে হবে যেন যথা সম্ভব দ্রুত ভুল সংশোধন করা যেতে পারে।

## আপত্তিসমূহ

নিয়োগকর্তারা আইনানুসারে প্রদত্ত প্রামাণ্য তালিকায় কোনো স্থায়ী আপত্তি ব্যক্ত করতে পারেন। তাদেরকে অবশ্যই তাদের কর্মচারীদেরকে:

- প্রত্যেক আবেদনের পরিপ্রেক্ষিতে বিজ্ঞপ্তি দিতে হবে
- শুনানিতে অংশগ্রহণ করার মতো সুযোগ দিতে হবে

কমিশনার শুনানি সহ, অন্যান্য যথাযথ প্রক্রিয়া নেবার পরে, একটা স্থায়ী আপত্তি জারি করতে পারেন, যদি এমন প্রমাণ পাওয়া যায় যে নিয়োগকর্তার প্রস্তাবিত পরিস্থিতি, কার্যাভ্যাস, কাজ করার উপায়, পদ্ধতি, কার্যকলাপ বা প্রক্রিয়াসমূহ এমন যে সেটা প্রামাণ্য ভুল সংশোধনী মেনে নেবার সমতুল্য নিরাপদ ও স্বাস্থ্যকর।

আমরা কোনো স্থায়ী আপত্তি পরিবর্তন বা প্রত্যাহার করে নিতে পারি যদি নিয়োগকর্তা, কর্মচারী বা কর্মচারীদের প্রতিনিধিরা তেমন অনুরোধ করেন। কমিশনার কোনো স্থায়ী আপত্তি জারি করার ছয় মাস পরে পরিবর্তন বা প্রত্যাহার করে নেবার জন্য আবেদন করতে পারেন।

নিয়োগকর্তারা নতুন মানদণ্ডের ভিত্তিতে কোনো অস্থায়ী আপত্তি করার জন্য আবেদন করতে পারেন যদি তারা প্রয়োজনীয় সামগ্রী, সরঞ্জাম বা প্রযুক্তিবিদের অভাবে নির্দিষ্ট তারিখের মধ্যে ভুল সংশোধন করতে না পারেন।

## নথিপত্র রাখা

নিউ ইয়র্ক প্রদেশের অফিসিয়াল কমপ্লায়েশন অফ কোডস, রুলস অ্যান্ড রেগুলেশনস-এর শিরোনাম 12-র 801 অংশে শ্রম কমিশনার দ্বারা নথিপত্র বজায় রাখার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা আছে লেবার ল-র ধারা 27a অনুসারে। নিয়মাবলীর একটা প্রতিলিপি পেতে হলে আমাদের ওয়েবসাইট দেখুন।

## পক্ষপাতিত্ব

কোনো নিয়োগকর্তা কোনো কর্মচারীর বিরুদ্ধে ডিসচার্জ করা, বা অন্য কোনো ভাবে শৃঙ্খলামূলক ব্যবস্থা হিসাবে পক্ষপাতিত্ব করতে পারেন না এই কারণে যে সে:

- কোনো অভিযোগ জানিয়েছিল
- এই কর্মসূচীর অধীনে বা এর সাথে সম্পর্কিত ভাবে কোনো প্রক্রিয়া শুরু করেছেন

যেসব কর্মচারীরা ভাবেন যে তাদের বিরুদ্ধে পক্ষপাতিত্ব করা হচ্ছে তারা শ্রম কমিশনারের কাছে অভিযোগ দাখিল করতে পারে। কমিশনারটিকে অবশ্যই অভিযোগের তদন্ত করতে হবে এবং এর গুরুত্ব সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

## অর্থ সংস্থানের সহায়তা পাওয়া যায়

এই আইনের শর্ত অনুসারে, অ্যাবেটমেন্ট বোর্ড PESH-এর উল্লেখিত পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যর ঝুঁকি প্রশমিত করার প্রকল্পগুলিতে পুঁজি বিনিয়োগ করার খরচ বহনে সাহায্য করতে পারে। সরকারি নিয়োগকর্তারা এই কর্মসূচীর অধীনে শতকরা 75 ভাগ ব্যয় বহনের জন্য আবেদন করতে পারে।

যদিও, সরকারি নিয়োগকর্তাকে অবশ্যই ঝুঁকি প্রশমনের তারিখের মধ্যে কোনো আইন উল্লঙ্ঘনের উল্লেখ করা হয়েছে এমন ভুলকে সংশোধন করে নিতে হবে। তারা সেই আইন উল্লঙ্ঘনের ত্রুটি কোনো আপত্তি জানিয়ে বা অন্য কোনো উপায়ে সংশোধন করে নিতে পারেন। রাষ্ট্র দ্বারা সৃষ্ট রাষ্ট্রীয় এজেন্সিগুলি ও সরকারি কর্তৃপক্ষগুলির এই ভাবে অর্থ সংস্থান করার যোগ্যতা থাকে না।

## অর্থ সংস্থান বিষয়ে আরও কিছু তথ্য

বোর্ড সেক্রেটারি
NYS Department of Labor
Bldg. 12, Rm. 436
স্টেট অফিস ক্যাম্পাস
ALBANY NY 12249
**518-457-7629**

## আরও তথ্য জানতে হলে, কোনো জেলা অফিসে যোগাযোগ করুন

### অ্যালবানি জেলা

স্টেট অফিস ক্যাম্পাস
Bldg. 12, Rm. 158
ALBANY NY 12240
**518-457-5508**

### ব্রিংহ্যামটন জেলা

44 Hawley Street, Rm. 901
Binghamton, NY 13901
**607-721-8211**

### বাফেলো জেলা

65 Court Street
Buffalo, NY 14202
**716-847-7133**

### গার্ডেন সিটি জেলা

400 Oak Street
Garden City, NY 11550
**516-228-3970**

### নিউ ইয়র্ক সিটি জেলা

75 Varick St., 7th Floor
New York, NY 10013
**212-775-3554**

### নিউ ইয়র্ক সিটি জেলা

109 S. Union Street, Rm. 402
Rochester, NY 14607
**585-258-8806**

### সাইরাকজ জেলা

450 South Salina Street
Syracuse, NY 13202
**315-479-3212**

### উটিকা জেলা

207 Genesee Street
Utica, NY 13501
**315-793-2258**

### হোয়াইট প্লেইনস জেলা

120 Bloomingdale Road
White Plains, NY 10605
**914-997-9514**


নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর হল একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম। অনুরোধক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আনুষঙ্গিক সহায়তা এবং পরিষেবা পাওয়া যায়।
NEW YORK STATE OF OPPORTUNITY | Department of Labor